

কলকাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা

বিজ্ঞপ্তি

লাইসেন্স মঞ্জুরী এবং কারখানার মেশিন লে-আউট প্লান অনুমোদন প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে পালনীয় শর্তাবলী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে দেওয়া হ'ল-

- কারখানার মেশিন লে আউট প্লান অনুমোদনের আবেদনের ক্ষেত্রে নকশাটি বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৩ অনুযায়ী অঙ্কিত এবং ফরম ৭৬ এ উল্লিখিত প্রয়োজনীয় তথ্য সম্বলিত সংযুক্তি/দলিল সহকারে স্বয়ং সম্পূর্ণ হতে হবে।
- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৪ অনুযায়ী লাইসেন্স গ্রহণ/নবায়ন/সংশোধন প্রাপ্তির আবেদন ফরম ৭৭ অনুযায়ী প্রযোজ্য সংযুক্তি/ডকুমেন্টসহ স্বয়ং সম্পূর্ণ হতে হবে।
- মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর লাইসেন্স নবায়ন আবেদনের ক্ষেত্রে বিধি ৩৫৫ অনুযায়ী বিলম্ব ফি প্রযোজ্য হবে। সকল প্রকার ফি পরিশোধের ট্রেজারি চালান কোড-১-৩১৪৩-০০০০-১৮৫৪ এবং ফি এর ১৫% হারে ভ্যাট পরিশোধের কোড-১-১১৩৩-০০০১-০৩১১ (খুলনা অঞ্চল)। সকল প্রকার ফি এবং প্রযোজ্য ভ্যাট আবেদনকারীর নিজ দায়িত্বে সংশ্লিষ্ট ব্যাংকে পরিশোধ এবং ব্যাংক চালানের মূল কপি আবেদনের সাথে জমা প্রদান আবশ্যিক। ফি এর হার জানার জন্য তফসিল ৭ দ্রষ্টব্য।
- কারখানার মেশিন লে আউট প্লান অনুমোদনের এবং লাইসেন্স প্রাপ্তির আবেদন www.dife.khulna.gov.bd ঠিকানায় অনলাইনে করা যাবে। বিস্তারিত জানার জন্য অত্র কার্যালয়ের ওয়েবসাইটে <https://dife.khulna.gov.bd/bn> ভিজিট করুন।

সকল প্রকার আবেদনের হার্ড কপি আবশ্যিকভাবে ফ্রন্ট ডেস্কে দাখিল করতে হবে। পরামর্শ গ্রহণ এবং মতামত/অভিযোগ জানানোর জন্য উপমহাপরিদর্শকের সাথে সরাসরি সাক্ষাত অথবা ০২৪-৭৭৭২৭৫২৬ নম্বরে যোগাযোগ করা যাবে। অভিযোগ জানানোর জন্য নির্ধারিত অভিযোগ বক্স এবং মতামত জানানোর রেজিস্টার রয়েছে।